দৈনিক ইত্তেফাক

তারিখ 05 DEC 1988
পৃষ্ঠা 7 কলাম 4

## আরিফ হত্যাকান্ড ও সন্ত্রাস তদন্তে কমিটি গঠনের আহবান

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল সোমবার এক

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সন্ত্রাস তদান্ত কমিটি

(১ম পৃষ্ঠার পর)

জরুরী সভায় বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট সার্বিক সন্ত্রাস তদন্তের লক্ষ্যে একটি তদন্ত কমিটি গঠন করার জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়াছে। সভায় আরিফ হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের খুঁজিয়া বাহির করার জন্য সরকারের নিকট দাবী করা হয়। বিশ্ববিদ্যালয় কলাভবনে অনুষ্ঠিত এই সভায় সমিতির সভাপতি প্রফেসর মসিহুজ্জামান সভাপতিত্ব করেন। সভার প্রস্তাবে আরিফ হত্যাকাণ্ড ও ডাকসু'র ভিসি অফিস তছনছসহ বিভিন্ন ঘটনা তদন্ত করার জন্য কর্তৃপক্ষকে আহ্বান জানানো হয়।

সভায় আরিফ আহমদের নামে ফিন্যান্স বিভাগে একটি ট্রাষ্ট ফাণ্ড গঠন এবং এস,এম, হলের সম্মুখে একটি নামফলক স্থাপনের দাবী করা হয়।

সভায় আরিফ হত্যার প্রতিবাদে ১০ই ডিসেম্বর অপরাজেয় বাংলার পাদদেশ হইতে শিক্ষকদের একটি মৌন মিছিল বাহির করার সিদ্ধান্ত নেওয়া হয়।